

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আব্দুস সালাম, শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (প্রাক্তন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পলাশ, নরসিংদী)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে ২০ এপ্রিল ২০২৬ তারিখে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা শুনানিকালে তার বক্তব্যে জানান যে, স্কুল ফিডিং কর্মসূচি প্রকল্পটি পলাশ উপজেলায় ১৫/১১/২০২৫ খ্রি. তারিখে শুরু হয়। তার আগে থেকে ঠিকাদারি প্রতিষ্ঠান তার সাথে কোন যোগাযোগ করেনি। কোন কোম্পানী বা কোন ব্যক্তি মালামাল সরবরাহ করবে তার কোনো হদিস নেই। উক্ত বিষয়টি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার এবং প্রকল্প পরিচালককে বলার পরও কোনো সুরাহা হয়নি। প্রকল্পটির কাজ শুরু হলে প্রচুর অভিযোগ আসতে থাকে। কোনো স্কুল খাবার পাচ্ছে, আবার কোনো স্কুল খাবার পাচ্ছে না, খাবারগুলো খুবই নিম্নমানের। ঐ সময় রাজনৈতিকভাবে প্রচণ্ড চাপ আসতে থাকে। কিন্তু সরবরাহকারী প্রতিষ্ঠানের কোনো সহযোগিতা পরিলক্ষিত না হওয়ায় বাধ্য হয়ে সার্বিক বিশৃঙ্খলা এড়াতে উক্ত উপজেলার প্রধান শিক্ষকদের গুপে তার নির্দেশনা ব্যতীত প্রকল্পের কোন মালামাল গ্রহণ না করার নির্দেশনা প্রদান করেন। প্রধান শিক্ষকদের গুপে উক্ত বার্তা দেয়ার পর সরবরাহকারী প্রতিষ্ঠান দ্রুত তার সাথে আলোচনা করে সার্বিক কর্মপরিকল্পনা এবং গুণগতমান নিশ্চিত করেন। তিনি আরও জানান, ঐদিন তিনি কর্মস্থলে উপস্থিত ছিলেন এবং কোনোরূপ দায়িত্ব অবহেলা করেননি। অপরদিকে, রাষ্ট্রপক্ষের নথি উপস্থাপনকারী কর্মকর্তা তার বক্তব্যে জানান যে, অভিযুক্ত কর্মকর্তা শিক্ষকদের WhatsApp group এ তার নির্দেশনা ব্যতীত প্রধান শিক্ষকদের প্রকল্পের কোন মালামাল গ্রহণ না করে স্কুল ফিডিং কর্মসূচির ন্যায় সরকারের একটি মহৎ উদ্যোগ বাস্তবায়নে নেতিবাচক মানসিকতা প্রদর্শন করেছেন এবং প্রকল্প উদ্বোধনের দিন কর্মস্থলে অনুপস্থিত থেকে দায়িত্ব অবহেলা করেছেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, অভিযোগনামার লিখিত জবাব, শুনানিতে উভয় পক্ষের বক্তব্য এবং পারিপার্শ্বিক অবস্থা বিবেচনায় তাকে ভবিষ্যতের জন্য কঠোরভাবে সতর্ককরত: বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আব্দুস সালাম, শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (প্রাক্তন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পলাশ, নরসিংদী)-কে ভবিষ্যতে এরূপ কার্যক্রমের পুনরাবৃত্তি যেন না ঘটে সে বিষয়ে কঠোরভাবে সতর্ককরত: সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-


২১.০৫.২০২৬

(মোঃ সাখাওয়াৎ হোসেন)

সচিব

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নরসিংদী।
- ৬। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পলাশ, নরসিংদী।
- ৭। জনাব মোঃ আব্দুস সালাম, শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৮। অফিস কপি।


২১/০৫/২০২৬
(ডা. ফাহিম ইকবাল জাগীরদার)
উপসচিব
ফোন-০২২২৩৩৫৬৬৯১